Lens Asia

২০ জুলাই, ২০২৬

# ফের গ্রেফতার হলেন রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান সাহেদ



রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান সাহেদ। ছবি: সংগৃহীত

পল্লবী থানায় দায়ের করা একটি মামলায় রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান মো. সাহেদ করিমকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২০ জুলাই) রাজধানীর ইসিবি চত্বর এলাকা থেকে তাকে আটক করে ক্যান্টনমেন্ট থানা পুলিশ।

পুলিশ জানায়, সাহেদের বিরুদ্ধে একটি সিআর মামলায় গ্রেপ্তারি পরোয়ানা ছিল। পল্লবী থানা পুলিশের অনুরোধের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য তাকে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হবে।

এর আগে, ২০২৩ সালের ২১ আগস্ট জ্ঞাত আয়ের সঙ্গে অসঙ্গতিপূর্ণ ১ কোটি ৬৯ লাখ টাকার সম্পদ অর্জনের মামলায় আদালত তাকে তিন বছরের কারাদণ্ড দেন। এরও আগে, ২০২০ সালের ১৫ জুলাই সাতক্ষীরার দেবহাটা থেকে তাকে গ্রেফতার করা হয়েছিল। তার বিরুদ্ধে অস্ত্র মামলাসহ দেশের বিভিন্ন থানায় ৩৬টির বেশি মামলা দায়ের হয়।

পরবর্তীতে ২০২৪ সালের ৪ সেপ্টেম্বর ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পান সাহেদ। তার বিরুদ্ধে মোট ৯৬টি মামলা রয়েছে, যার মধ্যে পাঁচটিতে তিনি সাজাপ্রাপ্ত। সব মামলায় জামিন পাওয়ার পর তাকে কারামুক্তি দেওয়া হয়। এছাড়া ২০১০ সালে চেক জালিয়াতির একটি মামলায় আদালত তাকে ছয় মাসের কারাদণ্ড ও ৫৩ লাখ টাকা অর্থদণ্ড দিয়েছিলেন।

LENS ASIA